



THE BANGABANDHU PARISHAD OF AUSTRALIA Incorporated (INC 9891249)

10 FALCON PLACE INGLEBURN NSW 2565

বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়া'র বার্ষিক সাধারণ সভা ও নির্বাচন সম্পন্ন

সম্প্রতি বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়ার (ইনক ৯৮৯১২৪৯) বার্ষিক সাধারণ সভা ড. বোরহান উদ্দিন এর সভাপতিত্বে ১০ ফ্যালকন প্রেস, ইঙ্গেলবার্ণ নিউই সাউথ ওয়েলস ২৫৬৫ এ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতি সংগঠনের বার্ষিক রিপোর্ট উপস্থাপন করেন এবং কোষাধ্যক্ষ বার্ষিক হিসাব বিবরণ দাখিল করেন। সভাপতি গত বছরের জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর শাহাদাত বার্ষিকীর অনুষ্ঠান সফলভাবে উদযাপনের জন্য সম্বৃষ্টি প্রকাশ করেন। এছাড়া সিডনী অলিম্পিক পার্কে মেলা উদযাপনের ভবিষ্যৎ পরিকল্পনা ও ঢাকা বিশ্ববিদ্যালয়ে বঙ্গবন্ধু বৃত্তি প্রদানের ব্যবস্থা গ্রহণ এবং টেম্পি পার্কে বৈশাখী মেলা উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সাধারণ সভায় কোষাধ্যক্ষের বার্ষিক তহবিল ব্যবস্থাপনার বিষয়ে টেম্পি পার্কে গত বছরের বৈশাখী মেলা উদযাপনের হিসাব মেলায় সমন্বয়কারী কর্তৃক অদ্যাবধি দাখিল না করার কারণে সাধারণ সদস্যরা অসন্তোষ প্রকাশ করেন এবং অনতিবিলম্বে সংশ্লিষ্ট হিসাব দাখিল না করলে ভবিষ্যতে টেম্পি পার্কে বৈশাখী মেলায় বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়ার নাম ও ব্যানার ব্যবহার না করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। পরিশেষে সভাপতি বর্তমান নির্বাহী কমিটি বিলুপ্ত ঘোষণা করেন এবং ২০১২-২০১৩ সালের নির্বাহী কমিটি নির্বাচনের জন্য নির্বাচন কমিশনার জনাব ফজলুল বারীর নিকট সভার পরবর্তী কার্যক্রম পরিচালনার জন্য হস্তান্তর করেন। নির্বাচন কমিশনার জনাব ফজলুল বারী প্রার্থীদের দাখিলকৃত মনোনয়নপত্র ও ভোটাধিকার প্রয়োগের পর উপস্থিত সকলের উদ্দেশ্যে ২০১২-২০১৩ সনের নির্বাচিত কার্যনির্বাহী কমিটি ঘোষণা করেন। ১৭ সদস্য বিশিষ্ট নবনির্বাচিত কমিটিতে সভাপতি ড. বোরহান উদ্দিন, সাধারণ সম্পাদক জনাব ইফতেখার উদ্দিন ও কোষাধ্যক্ষ পদে জনাব মাহমুদ হোসেন নির্বাচিত হন। -সংবাদ বিজ্ঞপ্তি